

২০২২  
বাংলা  
(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমিস্টার

কোর্স কোড : BNG-H-CC-T-3

(ছন্দ, কৃত্তিবাসী রামায়ণ ও বৈষ্ণব পদাবলী)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের সর্বাধিক ১০-১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।]

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$
- ক) দল কী?
- খ) যতিলোপ কী? কোথায় পূর্ণ যতিলোপ দেখা যায়?
- গ) উদাহরণ দিয়ে পূর্ণ ও অপূর্ণ পর্ব বুঝিয়ে দাও।
- ঘ) উত্তরাকাণ্ডের 'প্রথম শিকলি'-র উৎস কী? রামচন্দ্রের সব প্রশ্নের উত্তরদাতা কে ছিলেন?
- ঙ) মূল রামায়ণ কাহিনী থেকে সরে গিয়ে উত্তরাকাণ্ডে নতুন প্রসঙ্গ সংযোজনের দুটি উদাহরণ দাও।
- চ) যমপুরীর চারটি দ্বার কাদের জন্য নির্ধারিত?
- ছ) অক্ষৌহিণী কী?

- জ) ভাবোল্লাস পর্যায়ে একটি পদ, পদকর্তার নামসহ উল্লেখ করো।
- ঝ) গৌরাঙ্গ বিষয়ক ও গৌরচন্দ্রিকা পদের মধ্যে তফাৎ কী?
- ঞ) 'আলো মুদ্রিৎ জানো না' — কথাটি কার? কোন্ পর্যায়ে পদ?
- ট) মুক্তক কী? উদাহরণ দাও।
- ঠ) মিশ্রকলাবৃত্ত রীতির মাত্রা গণনা পদ্ধতি কী?
- ড) পয়ারের মাত্রা বিন্যাস কত?
- ঢ) 'আহীরী রমণী' বলতে কাদের বোঝানো হয়?
- ণ) "না থাকিব তোমার ঘরে / অপযশ দেহ মোরে"  
— কিসের অপযশ? কাকে দেওয়া হল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

- ক) ছন্দোলিপি করো (যে কোনো একটি) :
- অ) "বারেক তোমার দুয়ারে দাঁড়ায়ে  
ফুকরিয়া ডাকো জননী।  
প্রান্তরে তব সন্ধ্যা নামিছে  
আঁধারে ঘেরিছে ধরণী।।"
- আ) "কৃষ্ণকলি আমি তারেই বলি  
কালো তারে বলে গাঁয়ের লোক  
মেঘলা দিনে দেখেছিলেম মাঠে  
কালো মেয়ের কালো হরিণ চোখ।।"
- খ) পয়ারের শোষণশক্তি কী? উদাহরণসহ আলোচনা করো।
- গ) কৃত্তিবাসী রামায়ণের উত্তরাকাণ্ডে হাস্যরস প্রসঙ্গ আলোচনা করো।

ঘ) বাঙালি জীবনের আবেগ মথিত হয়েছে রাম চরিত্রে  
— আলোচনা করো।

ঙ) “নাম পরতাপে যার  
এঁছন করল গো  
অঙ্গের পরশে কিবা হয়”

— কোন্ পর্যায়ের পদ? এর তাৎপর্য লেখো।

চ) ‘চির চন্দন উরে’ পদটি কোন্ পর্যায়ের? পদটির কাব্যসৌন্দর্য  
বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।

খ) রাবণ চরিত্র পরিকল্পনায় কৃত্তিবাসের স্বকীয়তার পরিচয় দাও।

গ) কৃত্তিবাসী রামায়ণে ‘সীতার বনবাস’ অংশের তাৎপর্য ব্যাখ্যা  
করো।

ঘ) ‘তাতল সৈকতে বারিবিন্দুসম’ পদটি কোন্ পর্যায়ের? পদটির  
কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করে এই পর্যায়ের পদকর্তার কৃতিত্ব বুঝিয়ে  
দাও।